গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।
ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

# বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০২/২০২১।

এই কলেজের দিবা ও বৈকালিক শাখার সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামগ্রিক কর্মকাণ্ডের (যেমন : ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূল করা) বিষয়ে দেশের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদেরকে এতদসঙ্গে সংযুক্ত প্রতিযোগিতা কমিশনের নির্দেশনা মোতাবেক রচনা প্রস্তুত করে আগামী ২৮/০২/২০২১ তারিখ বিকাল ৪:০০ঘটিকার মধ্যে **বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩,এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা** বরাবর পাঠানোর নির্দেশ দেয়া হল।

| শ্রেণি | রচনার বিষয় | শব্দ সংখ্যা |
|---|---|---|
| একাদশ ও দ্বাদশ | পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় | ২০০০ শব্দের মধ্যে |
| স্নাতক, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর | কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশে প্রতিযেগিতামূলক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণনীয় | ২৫০০ শব্দের মধ্যে |

22/02/2021

(প্রফেসর ড. সুদীপা দত্ত)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

সংযুক্ত : প্রতিযোগিতা কমিশনের নির্দেশনা।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
Bangladesh Competition Commission

মোঃ মফিজুল ইসলাম
চেয়ারপার্সন
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
ফোন ০২-৫৮৩১৩৬১০
ই-মেইলঃ chairmancc2012@gmail.com

নং- ২৬.১২.০০০০.১০১.৯৫.০০৪.১৮/ডিও/২২৮/৩৬

০১-০২-২০২১ খ্রিঃ

প্রিয় জেলা প্রশাসক,

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা, নিশ্চিত করা ও বজায় রাখার উদ্দেশ্যে সরকার প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণয়ন করেছে। এ আইনের আওতায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সমাজে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অংশীজনকে অবহিত করার জন্য জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারি কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ নিয়ে সেমিনার আয়োজন, লিফলেট বিতরণ, টেলিভিশনে টকশোতে অংশগ্রহণ ছাড়াও পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

আপনি নিশ্চয় একমত হবেন যে, দেশে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির সুফল হিসেবে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়, কর্মসংস্থান সৃষ্টি হয়, ভোক্তা বা ক্রেতা প্রতিযোগিতামূলক মূল্যে মানসম্মত পণ্য বা সেবা ক্রয় করতে পারে এবং জনগণের জীবনমানের উন্নয়ন সাধিত হয়। এ প্রেক্ষাপটে প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ে বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং প্রতিযোগিতা আইন কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা করবে এমন ধারণা/পরামর্শ গ্রহণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় পর্যায়ে (মেডিকেল কলেজসহ) এবং কলেজ পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রচনা প্রতিযোগিতার বিষয় নিম্নরূপ:

| | |
|---|---|
| বিশ্ববিদ্যালয় পর্যায়ে: | কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশে প্রতিযোগিতামূলক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)। |
| কলেজ পর্যায়ে : | পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)। |

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রচনার পাণ্ডুলিপি ২৮-০২-২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে কমিশনে পৌঁছাতে হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে মূল্যায়ন কমিটির মাধ্যমে ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য বিশ্ববিদ্যালয় এবং কলেজ ও মদ্রাসা পর্যায়ে মোট ৬ (ছয়) জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে এবং নির্বাচিত ৬ (ছয়) জন প্রতিযোগীর জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা রয়েছে। এ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রচারিত বিজ্ঞাপন ও নিয়মাবলীর কপি এতদ্সঙ্গে সংযুক্ত করা হল। তদুপরি, এ বিজ্ঞাপন ও নিয়মাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েব পেজঃ www.ccb.gov.bd-তে দেয়া আছে।

এমতাবস্থায়, জেলার সমন্বয়কারী হিসেবে আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের সর্বাধিক অংশগ্রহণের লক্ষ্যে আপনার আন্তরিক সহায়তা প্রত্যাশা করছি।

(মোঃ মফিজুল ইসলাম)

জনাব মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(শিক্ষা শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর-০৫৪২.১৫০০.৬০৩.৩৪.০০২.২০২১. ১৭২

তারিখঃ১৭ ফেব্রুয়ারি, ২০২১খ্রি.

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।

১। অধ্যক্ষ, ----------------------------------------------------, কলেজ, চট্টগ্রাম।

২৭/০২/২১

গালিব চৌধুরী
সহকারী কমিশনার (শিক্ষা)
ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
ফোনঃ ০৩১-৬৩৪৩৫১
aceducationchittagong@gmail.com

১১। দাখিলকৃত সকল রচনা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং নিজস্ব প্রয়োজনে কমিশন উক্ত রচনার তথ্যাদি ব্যবহারের ক্ষমতা সংরক্ষণ করে;

১২। প্রথম স্থান অধিকারকারীর রচনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে; এবং

১৩। প্রতিযোগিতা কমিশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান বা পরিবারের সদস্য এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

রচনা মূল্যায়নের মানদণ্ডঃ

| বিষয় | নম্বর |
|---|---|
| মূল প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটন | ৪০ |
| তথ্য-উপাত্ত সন্নিবেশন ও বিশ্লেষণ | ৩৫ |
| ভাষাগত উৎকর্ষ | ১৫ |
| রচনার স্বকীয়তা | ১০ |
| মোট | ১০০ |

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদঃ

বিশ্ববিদ্যালয় পর্যায়েঃ

১। প্রথম পুরস্কারঃ নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কারঃ নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কারঃ নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে

১। প্রথম পুরস্কারঃ নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কারঃ নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কারঃ নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

২৭/১২/২০২০
মোঃ কবীরুল হাসান
সচিব

Bangladesh
Competition
Commission

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতা

ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামগ্রিক কর্মকাণ্ডের (যেমনঃ ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূল করা) বিষয়ে দেশের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান জানানো যাচ্ছেঃ

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদিঃ

(১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/সাধারণ/কারিগরি বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) অনার্স/মাস্টার্স লেভেলে অধ্যয়নরত ও মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্যঃ
**বিষয়ঃ কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)।**

(২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি সাধারণ/কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসার সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্যঃ
**বিষয়ঃ পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)।**

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদঃ

বিশ্ববিদ্যালয় পর্যায়েঃ
১। প্রথম পুরস্কারঃ নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কারঃ নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কারঃ নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে
১। প্রথম পুরস্কারঃ নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কারঃ নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কারঃ নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

রচনা মূল্যায়নের মানদণ্ডঃ

| বিষয় | নম্বর |
|---|---|
| মূল প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটন | ৪০ |
| তথ্য-উপাত্ত সন্নিবেশন ও বিশ্লেষণ | ৩৫ |
| ভাষাগত উৎকর্ষ | ১৫ |
| রচনার স্বকীয়তা | ১০ |
| মোট | ১০০ |

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়ম ও বিস্তারিত শর্তাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েবসাইট www.ccb.gov.bd এ দেওয়া আছে।

**বিঃ দ্রঃ রচনা জমা প্রদানের সর্বশেষ তারিখঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২১; বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**

২৯/১২/২০২০
মোঃ কবীরুল হাসান
সচিব